গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জুলাই, ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | : | ২৫-০৮-২০২০ খ্রি. |
| সময় | : | সকাল ১০:০০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| সভাপতি | : | মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিবিএস |
| উপস্থিতি | : | পরিশিষ্ট -'ক' |

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দুরুত্ব বজায় রেখে বসার নির্দেশনা প্রদান করেন। এছাড়া বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের যুগ্ম পরিচালকগণ নিজ নিজ কার্যালয় থেকে ভার্চুয়ালি Zoom App ব্যবহারের মাধ্যমে সভায় যুক্ত হওয়ায় সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন সেল, বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের জন্য সভায় উপস্থাপন করেন এবং সামান্য আপত্তি থাকায় তা সংশোধন সাপেক্ষে বিগত সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বিভিন্ন উইং এর কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

০৩। অতঃপর সভায় উইং ভিত্তিক বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ এন্ড এমআইএস উইং এ জুলাই/২০২০ মাসে পত্র প্রাপ্তির সংখ্যা ছিল ৫৭৪ টি এবং নিষ্পন্ন হয়েছে ৫৪৪ টি। অনিষ্পন্ন রয়েছে ৩০ টি। সভাপতি বলেন, মাসের শেষের দিকে প্রাপ্ত পত্রগুলো অনিষ্পন্ন থাকতে পারে। সভাপতি কৃষি উইং এর ১ টি পত্র এক মাসের উর্ধ্বে অনিষ্পন্ন রয়েছে বিষয়ে জানতে চাইলে পরিচালক মহোদয় কৃষি উইং বলেন, ইহা একটি পেনশন সংক্রান্ত পত্র। পেনশন প্রাপকের প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিতে বিলম্ব হওয়ায় পত্রটি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া, এফএ এন্ড এমআইএস উইং এর ১ টি পত্র ৬ মাস অনিষ্পন্ন রয়েছে উল্লেখ করে বলেন, সকল অনিষ্পন্ন পত্রগুলো দুত নিষ্পন্নের ধারা অব্যাহত রাখা প্রয়োজন। | অনিষ্পন্ন পত্রগুলো দ্রুত নিষ্পন্ন করতে হবে। | পরিচালক (সকল) |
| ০২ | সেন্সাস উইং | সেন্সাস উইং এর সম্মানিত পরিচালক বলেন, এ উইং এর সকল নিয়মিত কাজ সঠিকভাবে এবং যথাসময়ে সম্পন্ন করা হচ্ছে। এ উইং এর কোন কাজ Pending নেই। | সেন্সাস উইং এর সকল নিয়মিত কাজ সঠিকভাবে এবং যথাসময়ে সম্পন্ন করতে হবে। | পরিচালক, সেন্সাস উইং |
| ০৩ | এগ্রিকালচার উইং | কৃষি উইং এর সম্মানিত পরিচালক বলেন, স্থানীয়ভাবে জেলা পর্যায়ের কর্মকর্তাগণ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে পরামর্শক্রমে কাজ করার বিষয়টি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অবহিত করা হয়েছে। তিনি বলেন, মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের | ১। সঠিক, নির্ভুল ও যথাসময়ে এবং স্থানীয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে পরামর্শক্রমে প্রতিবেদন প্রেরণের জন্য জেলা | পরিচালক, এগ্রিকালচার উইং |

| ক্রঃ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | সাথে একটি মেসেঞ্জার গ্রুপ করা হয়েছে এবং নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে। পরিচালক মহোদয় বলেন, বোরো, আলু ও গম ফসলসহ Major Crops এর প্রায় ১৮ টি জেলার প্রতিবেদন পাওয়া যায়নি। বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের যুগ্ম পরিচালকগণের মাধ্যমে তিনি প্রতিবেদন প্রেরণের অনুরোধ জানান। তিনি বলেন, কৃষি সংক্রান্ত প্রতিবেদনসমূহ জেলা পরিসংখ্যান কার্যালয় থেকে বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ে Compile শেষে প্রধান কার্যালয়ে প্রেরণের নির্দেশনা থাকলেও ইদানিং জেলা পরিসংখ্যান কার্যালয় থেকে সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে। প্রেরিত প্রতিবেদনে বিভিন্ন ফসলের ফলনের হার, ফলনের হ্রাস-বৃদ্ধির কারণসমূহ পরিস্কার করে উপস্থাপন করা হয় না বা অনেক সময় ফরমের সকল ঘর পূরণ করে না। বিশেষ করে ফলন হার যাচাই করা প্রয়োজন। এছাড়া, পাশাপাশি জেলায় ফসলের উৎপাদন হার নিয়ে বিস্তর পার্থক্য লক্ষ্য করা যাচ্ছে। উপমহাপরিচালক বলেন, মাঠ পর্যায়ে ফসলের উৎপাদন হার চেক করার জন্য একটি তালিকা করা হলে ভুলের হার হ্রাস পাবে। পরিচালক ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং মহোদয় বলেন, কেন্দ্রীয়ভাবে একটি Apps তৈরি করে তথ্য সংগ্রহ করা হলে তথ্যের গুনগত মান বৃদ্ধি পাবে। এসএসটিআই এর পরিচালক মহোদয় বলেন, এনএসডিএস প্রকল্পের মাধ্যমে গত অর্থবছরে কৃষি সংক্রান্ত প্রশিক্ষণপ্রাপ্তগণ ভুল কম বা বেশি করছেন কিনা তা দেখা যেতে পারে। ন্যাশনাল একাউন্টিং উইং (বৈদেশিক বাণিজ্য ও জিডিপি) এর পরিচালক মহোদয় বলেন, কৃষি প্রতিবেদনের ফলনের হার, ফসলের মূল্য, শ্রমিকের মজুরি সঠিকভাবে উপস্থাপন করা না হলে, জিডিপি হার নির্ণয় কাজে অনেক জটিলতার সৃষ্টি হয়।<br>সভায় বলা হয়, কৃষি সংক্রান্ত প্রতিবেদনসমূহের গুনগত মান বৃদ্ধির জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পত্র প্রেরণের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা জরুরী। সভাপতি বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের মাধ্যমে ঐ বিভাগের কৃষি সংক্রান্ত সকল জেলার তথ্য সঠিকভাবে যাচাই-বাছাই করে প্রধান কার্যালয়ে পাঠানোর জন্য নির্দেশনা দেন। বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ে থেকে যুগ্মপরিচালকগণ নিশ্চিত হয়ে কৃষি সংক্রান্ত সঠিক প্রতিবেদন প্রধান কার্যালয়ে পাঠাবেন। কোন ভাবেই ভুল ও অর্ধ সমাপ্ত প্রতিবেদন গ্রহণ করা যাবে না। | পর্যায়ের কর্মকর্তাদের উদ্দেশ্যে পত্র প্রেরণ করতে হবে।<br><br>২। বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় থেকে যুগ্মপরিচালকগণ নিশ্চিত হয়ে সঠিক ও সম্পূর্ণ তথ্য প্রধান কার্যালয়ে যথাসময়ে প্রেরণ করবেন। | |
| ০৪ | কম্পিউটার উইং | কম্পিউটার উইং এর যুগ্ম পরিচালক বলেন, জিও কোড হালনাগাদকরণ নিয়মিত করা হচ্ছে। 'জনশুমারি ও গৃহগণনা-২০২১' প্রকল্পের জিও কোড হালনাগাদকরণে ঢাকা জেলার কাজ শেষ হয়েছে এবং চট্রগ্রাম জেলার জিও কোড হালনাগাদকরণ চলছে। তিনি বলেন, বিবিএস এর সকল উইং/ প্রকল্প থেকে প্রাপ্ত তথ্যসমূহ Website এ নিয়মিত Upload করা হচ্ছে। সেন্সাস উইং এর পরিচালক | ১। জিও কোড নির্ভুলভাবে হালনাগাদ করতে হবে এবং সমস্যা চিহ্নিত মৌজাগুলো সরেজমিনে পর্যবেক্ষণ করতে হবে। | পরিচালক, কম্পিউটার উইং |

| ক্রঃ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | মহোদয় বলেন, ৩৫৯ টি মৌজার অস্তিত্ব পাওয়া যাচ্ছে না। এসএসটিআই এর পরিচালক মহোদয় বলেন, উল্লেখিত মৌজাসমূহে বিগত শুমারির প্রতিবেদনে জনসংখ্যা থাকলে সমস্যা দেখা দিতে পারে। উপমহাপরিচালক মহোদয় বলেন, ভূমি অধিদপ্তরের তালিকা অনুসারে ক্রস চেক করে সমস্যা চিহ্নিত মৌজা সমূহ সরেজমিনে পর্যবেক্ষণ করা প্রয়োজন। পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং (মূল্য ও মজুরি) বলেন, এ উইং এর জরুরী তথ্য বিবিএসের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজন হয়। কিন্তু বিভিন্ন কারণে কম্পিউটার উইং থেকে বিলম্ব হয়। অধিক গুরুত্বপূর্ণ বিষয়সমূহ অগ্রাধিকার ভিত্তিতে আপলোড করা প্রয়োজন। পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং (বৈদেশিক বাণিজ্য ও জিডিপি) বলেন, অনেক সময় প্রণয়নকৃত রিপোর্ট মন্ত্রী মহোদয়ের অনুমোদনের পর দ্রুত আপলোড করা প্রয়োজন হয়। সে ক্ষেত্রে যথাসময়ে আপলোড করতে বিলম্বিত হলে প্রশ্নের সম্মুখীন হতে হয়।<br><br>সভায় বলা হয়, গত সপ্তাহে অপটিক্যাল ফাইবারে মূল সংযোগে সমস্যার কারণে জাতীয়ভাবে ইন্টারনেটে ধীর গতি ছিল। বর্তমানে এ সমস্যা তেমন নেই। বিবিএসের সকল উইং এ ইন্টারনেট গতি সরলীকরণ করা প্রয়োজন। ইন্টারনেট ধীর গতি সম্পন্ন বলে উইং এ কাজে বিঘ্ন ঘটে। কম্পিউটার উইং এর পরিচালক মহোদয় কোভিড-১৯ এ আক্রান্ত হওয়ায় তাঁর সুস্থতার জন্য সভাপতি সকলের দোয়া কামনা করেন। | ২। অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনীয় প্রতিবেদন বিবিএসের ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br><br>৩। বিবিএসে ইন্টারনেটের গতি বৃদ্ধি করতে হবে। | |
| ০৫ | এসএসটিআই | এসএসটিআই এর পরিচালক মহোদয় বলেন, জুলাই/২০২০ মাস থেকে শারীরিক উপস্থিতির ভিত্তিতে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে। তিনি বলেন, প্রতি ব্যাচে ৩০ জন প্রশিক্ষণার্থীর অংশগ্রহণ নিশ্চিত করা হচ্ছে। পরিচালক মহোদয় উল্লেখ করেন, চলমান ই-জিপি বিষয়ক প্রশিক্ষণটি কম্পিউটার ল্যাবে করা হচ্ছে। জায়গা সংকটের কারণে এ ব্যাচে মাত্র ২০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছে। পরিচালক মহোদয় বলেন, বিবিএসে স্বল্প সংখ্যক কর্মকর্তা ই-জিপিতে নিয়মিত কাজ করেন। এ বিষয়ে কাজ করতে সক্ষম কর্মকর্তার সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন। পরিকল্পনা ও উন্নয়ন সেল এর পরিচালক মহোদয় বলেন, সরকারি চাকুরিকালীন ই-জিপি এর ব্যবহার জানা জরুরী। সভায় বলা হয়, ই-জিপি বিষয়ক প্রশিক্ষণ কর্মকর্তাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই এ বিষয়ে কয়েক ব্যাচ অন্তর অন্তর প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। | ১। সরাসরি উপস্থিতির ভিত্তিতে নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>২। কয়েক ব্যাচ অন্তর অন্তর ই-জিপি বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | পরিচালক, এসএসটিআই উইং |
| ০৬ | ডেমোগ্রাফী এন্ড হেলথ উইং | ডেমোগ্রাফী এন্ড হেলথ উইং এর পরিচালক মহোদয় বলেন, ইতোমধ্যে এ উইং থেকে প্রকাশিত Multiple Indicator Cluster Survey এর রিপোর্ট প্রকাশিত হয়েছে এবং জেলা ও বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ে | ১। ন্যাশনাল হাইজিন সার্ভে-২০১৭ কর্মসূচীর প্রতিবেদন খুব দ্রুত বাংলা ভার্সনে প্রকাশ করা হবে। | পরিচালক, ডেমোগ্রাফী উইং |

| ক্রঃ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | এর রিপোর্ট বিতরণ করা হয়েছে। এছাড়া এ উইং থেকে ন্যাশনাল হাইজিন সার্ভে-২০১৭ এর প্রতিবেদন অচিরেই প্রকাশ করা হবে। রিপোর্ট প্রকাশের জন্য প্রায় সকল ধরনের কাজ সম্পন্ন করা হয়েছে। উল্লেখ্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় ন্যাশনাল হাইজিন সার্ভে-২০১৭ এর প্রতিবেদন বাংলা ভার্সনে প্রকাশ করা হবে। ডেমোগ্রাফী এন্ড হেলথ উইং এর আওতাধীন জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম করোনা ভাইরাসজনিত দুর্যোগের কারণে সম্পন্ন করা যাচ্ছে না। আশা করি খুব অচিরেই এ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমসহ মাঠ পর্যায়ের কাজ শুরু করা হবে। | ২। উইং এর সকল নিয়মিত কাজ সঠিকভাবে এবং যথাসময়ে সম্পন্ন করতে হবে। | |
| ০৭ | ন্যাশনাল একাউন্টিং উইং (মূল্য ও মজুরী) | পরিচালক, ন্যাশনাল একাউন্টিং (মূল্য ও মজুরি) উইং সময়মত এবং পূর্বের চেয়ে নির্ভুলভাবে দরছকসমূহ দ্রুত প্রধান কার্যালয়ে প্রেরণ করায় মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে সভাপতির মাধ্যমে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন যে, ইতোমধ্যে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ন্যাশনাল একাউন্টিং (মূল্য ও মজুরি) উইং এর প্রকাশনাসমূহ মাঠ পর্যায়ের (বিভাগ ও জেলা) কার্যালয়ে যথাযথভাবে সংরক্ষণ বিষয়ে পত্র প্রেরিত হয়েছে। তিনি এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন।<br>বিবিএস এর প্রকাশনা মুদ্রণ প্রসঙ্গে তিনি বলেন, গত ১৯/০৭/২০২০ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয় উপমহাপরিচালক মহোদয়ের মাধ্যমে Statistical Pocketbook (SPB) এবং Statistical Yearbook (SYB) এর সর্বশেষ কপির চাহিদা দেন। কিন্তু মুদ্রিত না থাকায় তাঁকে সর্বশেষ কপির পরিবর্তে ২০১৮ সালের SYB সরবরাহ করতে হয়েছে। ব্যবহারকারীদের আগ্রহ ও প্রকাশনার গুরুত্ব বিবেচনা করে এফএ এন্ড এমআইএস উইং এর প্রকাশনা শাখায় (আরডিপি) প্রকাশনাসমূহ মুদ্রণের অগ্রাধিকার নির্ধারণ করা জরুরী বলে তিনি মত প্রকাশ করেন। উপমহাপরিচালক বলেন, আরডিপি শাখার মেশিন নষ্ট থাকায় প্রকাশনায় কিছুটা বিলম্ব হচ্ছে।<br>সমাপ্ত অনলাইন সেকেন্ডারী ডাটা কালেকশন প্রকল্প এর মাধ্যমে SYB ও SPB ছাপানোর ক্ষেত্রে বিগত ২০/০৮/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য তিনি প্রকল্পটির পরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া, জরুরী কোনো বিষয় যেমন, সিপিআই ও মুদ্রাস্ফীতি ইত্যাদি বিবিএস এর ওয়েবসাইটে আপলোড করার ক্ষেত্রে কম্পিউটার উইংকে তৎপর হওয়া এবং প্রাতিষ্ঠানিক (Institutionalized) ব্যবস্থা গড়ে তোলার বিষয়ে সভাপতি মহোদয়ের | ১। Statistical Yearbook 2020 অগ্রাধিকার ভিত্তিতে মুদ্রণ করতে হবে।<br><br>২। গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিকভাবে প্রয়োজন হয় এমন বিষয় (যেমন- সিপিআই ও মূল্যস্ফীতি) বিবিএস এর ওয়েবসাইটে আপলোড করার জন্য কম্পিউটার উইং-এ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা সৃষ্টি করতে/বজায় রাখতে হবে।<br><br>৩। অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন (সমাপ্ত) প্রকল্পের আয়োজিত অসমাপ্ত প্রশিক্ষণ সমাপ্ত করতে হবে এবং এক বছরের SYB ও SPB উক্ত প্রকল্পের মাধ্যমে ছাপিয়ে সফটওয়্যারটি অপারেশনাল করে বিবিএস-এ Handover করতে হবে। | পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং;<br><br>পরিচালক, কম্পিউটার উইং;<br>প্রকল্প পরিচালক, অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রকল্প (সমাপ্ত);<br>যুগ্মপরিচালক (সকল),<br>বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়;<br>উপপরিচালক (সকল),<br>জেলা পরিসংখ্যান কার্যালয় |

| ক্রঃ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | মাধ্যমে পরিচালক, কম্পিউটার উইংকে অনুরোধ করেন। এ প্রসঙ্গে জনাব জিয়া উদ্দিন আহমেদ, পরিচালক, ন্যাশনাল একাউন্টিং (জিডিপি ও বৈদেশিক বাণিজ্য) উইংও সহমত পোষণ করেন। | | |
| ০৮ | ন্যাশনাল একাউন্টিং উইং (জিডিপি ও বৈদেশিক বাণিজ্য) | পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং (জিডিপি ও বৈদেশিক বাণিজ্য) বলেন, জিডিপি রিবেইজিং এর কাজ যথাসময়ে সম্পন্নের লক্ষ্যে প্রতি রবিবার সভা করা হচ্ছে এবং এর অগ্রগতি নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে। পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং (মূল্য ও মজুরী) বলেন, বিবিএসের গুরুত্বপূর্ণ প্রকাশনাসমূহ মাঠ পর্যায়ের অফিসে দৃশ্যমান জায়গায় সংরক্ষণ করা প্রয়োজন। সভায় বলা হয়, জিডিপি রিবেইজিং এর কাজ যেন পিছিয়ে না যায় সেদিকে খেয়াল রাখতে হবে। সভাপতি বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের অফিসে প্রকাশনাসমূহ পাচ্ছে কিনা তা নিশ্চিত করা জরুরী। | ১। জিডিপি রিবেইজিং এর কাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>২। বিবিএসের প্রকাশনাসমূহ যথাসময়ে মাঠ পর্যায়ের অফিসগুলোতে প্রেরণ করতে হবে।<br>৩। উইং এর সকল নিয়মিত কাজ সঠিকভাবে এবং যথাসময়ে সম্পন্ন করতে হবে। | পরিচালক, ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং (জিডিপি ও বৈদেশিক বাণিজ্য) |
| ০৯ | ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং | ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং এর পরিচালক মহোদয় বলেন, WRT (Wholesale & Retail Trade) Survey এবং HR (Hotel & Restaurant) Survey এর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের লক্ষ্যে ম্যানুয়াল ও প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে এ জরিপ কর্মকান্ডের কোড ভিত্তিক তালিকা প্রেরণ করা হয়েছে। তিনি বলেন, অর্থ বিভাগ থেকে অনুমোদন পেলে বাজেট প্রাপ্তি সাপেক্ষে মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজ শুরু করা হবে। পরিচালক মহোদয় বলেন, এ উইং এর আওতাধীন BCIC বাংলায় কনভার্ট করে রিপোর্ট প্রণয়ন করার প্রক্রিয়া চলছে।<br><br>সভাপতি এ উইং এর আওতাধীন বিভিন্ন জরিপ কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য যাবতীয় কাজ সম্পন্নের উপর গুরুত্বারোপ করেন। সভায় বলা হয়, পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হলেই জনশুমারি ও গৃহ গণনা প্রকল্পের কর্মকান্ডের সাথে সামঞ্জস্য রেখে বাকী উইং এর কাজ সম্পন্ন করতে হবে। | ১) WRT (Wholesale & Retail Trade) Survey এবং HR (Hotel & Restaurant) Survey এর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>২) অর্থ প্রাপ্তির জন্য অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং |
| ১০ | বিভাগীয় আলোচনা | যুগ্মপরিচালক, রাজশাহী বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় বলেন, ইতোমধ্যে কৃষি সংক্রান্ত প্রতিবেদন সংগ্রহে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে পরামর্শক্রমে এবং যাচাই-বাছাই করে প্রতিবেদন প্রেরণের বিষয়ে সকল উপপরিচালককে নির্দেশনা দেয়া হয়েছে। তিনি বলেন, নওগাঁ জেলার উপপরিচালক পদটি গত ২৩/০৭/২০২০ তারিখ থেকে শুন্য রয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে, যদি জনশুমারি ও গৃহগণনা-২০২১ এর পেমেন্ট বিকাশের মাধ্যমে করা হয় তবে স্থানীয় বিকাশ এজেন্টদের Responsible করা দরকার।<br>সেন্সাস উইং এর পরিচালক মহোদয় বলেন, | বিবিএসের শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বিষয় এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কর্মকান্ডের সঙ্গে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ যথাযথভাবে দায়িত্ব পালন করবেন। | পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং<br><br>যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল) |

| ক্রঃ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | গণনাকারী ও সুপারভাইজারগণের বিকাশ নম্বরের তালিকায় একই মোবাইল নম্বর একাধিকবার পাওয়া যাচ্ছে। এ তালিকায় একটি মোবাইল নম্বর একাধিকবার রাখা যাবে না। ইতোমধ্যে প্রায় ৪২ টি জেলার এ সংক্রান্ত বিষয়ে যাচাই-বাছাই এর কাজ শেষ হয়েছে।<br>উপমহাপরিচালক মহোদয় বলেন, বিবিএসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ চূড়ান্ত করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে কর্মসম্পাদন সুচক ভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সুপারভাইজিং কর্মকর্তার তালিকা চূড়ান্ত করা হয়েছে। শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বিষয়ে বিভাগীয় যুগ্মপরিচালক এবং জেলা কার্যালয়ের উপপরিচালকগণকে পত্র প্রেরণ করা হয়েছে। ন্যাশনাল একাউন্টিং উইং, এফএ এন্ড এমআইএস উইং ও এগ্রিকালচার উইং কর্তৃক রিভিউ পূর্বক ফিল্ডে প্রেরণ করা হয়েছে। মাঠ পর্যায় থেকে এর অগ্রগতি নিয়মিত পর্যবেক্ষণ করে মতামত জানানো আবশ্যক। তিনি বলেন, প্রতি ৩ মাস পর মন্ত্রিপরিষদ বিভাগে এ বিষয়ে প্রতিবেদন প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে। তিনি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে অনুমোদন নিয়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বিবিএসের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। গত ২০১৯-২০২০ অর্থবছরে কার্যক্রম মোটামুটি হয়েছে। সকল পর্যায়ের অফিসে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করা হয়েছে। | | |

০৪। সভাপতি বলেন, কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে শুমারি ও জরিপ কাজের সময় নির্ধারণ নিয়ে জটিলতা হতে পারে। সেক্ষেত্রে মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কার্যক্রম যথাসময়ে সম্পন্নের লক্ষ্যে এখনই যাবতীয় প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন করে রাখতে হবে। মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজে জটিলতা এড়ানোর জন্য অগ্রাধিকার বিবেচনায় একটি ক্যালেন্ডার প্রণয়ন করা প্রয়োজন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/৯/২০২০

মোহাম্মদ তাজুল ইসলাম
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ৫৫০০৭০৫৬
ই-মেইল: dg@bbs.gov.bd